

৩২৬  
২০২৬  
১৪  
০০৩৭৬৩

“থাকব ভালো, রাখব ভালো দেশ  
বৈধপথে প্রবাসী আয়-গড়ব বাংলাদেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়  
পরিকল্পনা শাখা-১  
৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড, ইন্সটান গার্ডেন, ঢাকা  
[www.probashi.gov.bd](http://www.probashi.gov.bd)

২৮/০৫/২০২৬

নং-৪৯.০০.০০০০.০৩৬.০২.১০.২৩ (অংশ-৫)-১৯০

তারিখ: ০১ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ  
১৫ মে ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: বিদেশ প্রত্যাগত প্রবাসী কর্মীদের পুনঃএকত্রীকরণে জেলা ও উপজেলা প্রশাসন কর্তৃক সহায়তা প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উদ্যোগে ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড কর্তৃক বিদেশ ফেরত কর্মীদের পুনঃএকত্রীকরণের (Reintegration) লক্ষ্যে বিশ্বব্যাংকের অর্থায়নে “Recovery and Advancement of Informal Sector Employment (RAISE): Reintegration of Returning Migrants” শীর্ষক প্রকল্পটি বাস্তবায়নধীন রয়েছে। বৈশ্বিক মহামারী কোভিড-১৯ কারণে বিভিন্ন দেশ হতে কাজ হারিয়ে প্রায় ০৫ লক্ষ কর্মী দেশে ফেরত এসেছেন। প্রত্যাগত অধিকাংশ কর্মী কর্মহীন অবস্থায় রয়েছেন এবং পরিবার পরিজন নিয়ে অর্থকষ্টসহ সমাজে নানা ধরনের প্রতিকূল পরিস্থিতির সম্মুখীন হচ্ছেন। এসব বিদেশ ফেরত কর্মীদের এ প্রকল্পের আওতায় তথ্য সমৃদ্ধ ডাটাবেইজ তৈরি এবং ওরিয়েন্টেশন ও কাউন্সেলিং প্রদানপূর্বক ০২ লক্ষ কর্মীকে এককালীন ১৩,৫০০/- (তের হাজার পাঁচশত) টাকা করে ক্যাশ ইনসেন্টিভ (নেগদ প্রণোদনা) দেয়া হবে। এছাড়া, রেফারেলের আওতায় কর্মীর চাহিদা অনুযায়ী (need-based) সরকারি-বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠানের মাধ্যমে কারিগরি ও আর্থিক সহায়তা প্রাপ্তিতে সহযোগিতা করা হবে।

০২। বর্ণিত কর্মসূচি বাস্তবায়নে অভিবাসী অধ্যুষিত ৩০টি জেলায় “ওয়েলফেয়ার সেন্টার” স্থাপনের মাধ্যমে সারা দেশে কার্যক্রম বাস্তবায়ন করা হবে। এ বিষয়ে সাধারণ জনগণকে অবহিতকরণ, তথা জনসচেতনতার লক্ষ্যে জেলা/উপজেলা পর্যায়ে সরকারি-বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠান ও শ্রেণি-পেশার মানুষকে সম্পৃক্ত করে সভা-সেমিনার, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া এবং সামাজিক যোগাযোগ মাধ্যমসহ নানাভাবে ব্যাপক প্রচারণার উদ্যোগ গ্রহণ করা হয়েছে। উল্লিখিত কার্যক্রম বাস্তবায়নে জেলা ও উপজেলা প্রশাসনের সহযোগিতা প্রয়োজন।

০৩। বর্ণিতাবস্থায়, মাঠপর্যায়ে RAISE প্রকল্পের কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নের নিমিত্ত সাধারণ জনগণকে অবহিতকরণ তথা জনসচেতনতার লক্ষ্যে জেলা/উপজেলা পর্যায়ে সরকারি-বেসরকারি বিভিন্ন প্রতিষ্ঠান ও শ্রেণি-পেশার মানুষকে সম্পৃক্ত করে সভা-সেমিনার, প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়া এবং সামাজিক যোগাযোগ মাধ্যমসহ নানাভাবে ব্যাপক প্রচারণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

(মহিদুল ইসলাম খান)

সহকারী সচিব

ফোন: ৪১০৩০২৪৬

[developmentprobashi@gmail.com](mailto:developmentprobashi@gmail.com)

জেলা প্রশাসক (সকল)

অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব, জেলা ও মাঠ প্রশাসন অনুবিভাগ, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, ওয়েজ আর্নাস কল্যাণ বোর্ড, ঢাকা।
- ৩। প্রকল্প পরিচালক, “Recovery and Advancement of Informal Sector Employment (RAISE): Reintegration of Returning Migrants” শীর্ষক প্রকল্প।
- ৪। মাননীয় সন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ৬। অনুবিভাগ প্রধান (পরিঃ ও উন্নঃ অনুবিভাগ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। অফিস কপি।